# জুনিয়র স্কুল সার্টিফিকেট পরীক্ষা, (সকল বোর্ড) ২০১৬

## ইসলাম ও নৈতিক শিক্ষা

বিষয় কোড : 1 1 1

### সৃজনশীল প্রশ্ন

সময়--২ ঘণ্টা ২০ মিনিট — মান-- ৬০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচে উল্লিখিত উদ্দীপকগুলো মনোযোগসহ পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো ছয়টি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। জনাব কামাল একজন ন্যায় বিচারক। সত্য প্রতিষ্ঠার জন্য তিনি সর্বদা সচেস্ট থাকেন। অন্যকে ক্ষমা ও দান-খয়রাত করা তার চরিত্রের অন্যতম বৈশিষ্ট্য। জুমার খুতবায় ইমাম সাহেব বলেন, আল্লাহ তায়ালার গুণবাচক নামসমূহের অনুকরণ করা আমাদের কর্তব্য। কেননা আল্লাহ তায়ালা নিজেই বলেছেন, "তোমরা আল্লাহর গুণে গুণান্বিত হও।"

ক. আল্লাহ তায়ালার কয়টি গুণবাচক নাম রয়েছে? ১

খ. 'আল্লাহু রাউফুন'— বুঝিয়ে লেখ। ২

গ. কামাল সাহেবের ক্ষমা করাটা আল্লাহর কোন গুণবাচক নামের প্রতিফলন? ব্যাখ্যা কর। ৩

ঘ. ইমাম সাহেবের বক্তব্যটি কি সঠিক? তোমার মতামতের সপক্ষে যুক্তি দাও। ৪

২। জুবের ও জুনেদ পরস্পর বন্ধু। জুবের ব্যবসার মাধ্যমে প্রচুর সম্পদের মালিক হয়েছে। তার ধারণা কর্মই সবকিছুর মুল। তাকদির বলতে কিছু নেই। পক্ষান্তরে, জুনেদ মৃত্যুর পর পুনরায় জীবিত হওয়াকে বিশ্বাস করে না। অথচ দুজনই নিজেদেরকে মুসলমান হিসেবে পরিচয় দেয়।

ক. 'রাউফুন' শব্দের অর্থ কী? ১

খ. আল আসমাউল হুসনা বলতে কী বোঝ? ২

গ. জুবেরের ধারণা কিসের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. জুনেদের অবিশ্বাসকে শরিয়তের আলোকে বিশ্লেষণ কর। ৪

৩। জনৈক ইমাম সাহেব জুমার খুতবায় বলেন, ইসলামে এমন একটি ইবাদত আছে যা নির্দিষ্ট নিয়মে নির্ধারিত সময়ে, নির্ধারিত স্থানে আদায় করতে হয় এবং তা সকল মুসলমানের ওপর ফরয নয়। হাদিসে এসেছে এ ইবাদতের প্রতিদান একমাত্র জান্নাত। তা শুনে তামিম বলল এর মাধ্যমে মুসলিম বিশ্বের মাঝে ভ্রাতৃত্ব ও ঐক্য সৃষ্টি হয়।

Teachingbd.com

ক. 'ইহরাম' শব্দের অর্থ কী? ১

খ. কুরবানি বলতে কী বোঝ? ২

গ. ইমাম সাহেব কোন ইবাদতের কথা বলেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. তামিমের বক্তব্যটি পাঠ্যবইয়ের আলোকে মূল্যায়ন কর। ৪

৪। মাআজ ও মুআজ তারা দুই ভাই। তারা উভয়ে নিয়মিত নামাজ আদায় করেন। মাআজের কেরাত পাঠ তাজবিদের সহিত, অপরদিকে মুআজের কেরাত তাজবীদবিহীন। একদা মাআজ মুআজকে বললেন তোমার নামাজ বিশুদ্ধ হওয়ার জন্য তাজবিদের সহিত কেরাত শিক্ষা করা ওয়াজিব।

ক. 'তাজবিদ' শব্দের অর্থ কী? ১

খ. 'ইদগাম' বলতে কী বোঝ? ২

গ. শুদ্ধরূপে কুরআন শিক্ষার জন্য মুআজের করণীয় ব্যাখ্যা কর। ৩

ঘ. বিশুদ্ধ কুরআন তিলাওয়াতের জন্য মাআজ কীভাবে মূল্যায়িত হবে বিশ্লেষণ কর। ৪

৫। আলম সাহেব একজন কর্মকর্তা। তিনি অফিস থেকে বেতন বহির্ভূত আয় করেন। তাঁর স্ত্রী একজন ধার্মিক মহিলা। তিনি তাকে বেতন বহির্ভূত আয় থেকে বিরত রাখতে গিয়ে বললেন, "ঘুষ দাতা ও গ্রহীতা উভয়ই জাহান্নামি।"

ক. 'ঘুষ' অর্থ কী? ১

খ. 'সমাজসেবা' বলতে কী বোঝ? ২

গ. এ ধরনের কাজ থেকে বিরত থাকতে আলম সাহেবের দায়িত্ব কী? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত মহিলার উক্তিটি কি যথার্থ? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৬। "মুসলমান মুসলমানের ভাই"। হাদিসটি ইসলামি সমাজ ব্যবস্থায় ভ্রাতৃত্বের একটি মাইলফলক। কিন্তু বর্তমানে মুসলিম সমাজে হাদিসটির প্রতিফলন যথাযথভাবে না থাকায় পরিবার, সমাজ, রাষ্ট্র তথা সর্বক্ষেত্রে নৈরাজ্য ও বিশৃঙ্খলা বিরাজ করছে।

ক. ভ্রাতৃত্ব কয় ভাগে বিভক্ত? ১

খ. 'ইসলামি ভ্রাতৃত্ব' বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে বর্ণিত হাদিসের আলোকে সমাজ ও রাষ্ট্র থেকে কীভাবে

Teachingbd.com

নৈরাজ্য দূর করা যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত হাদিসের অনুসরণে পরিবার, সমাজ ও রাষ্ট্রে ইসলামি ভ্রাতৃত্বের সুফল বিশ্লেষণ কর। ৪

৭। বুহিন ও তুহিন বাবা হারা দুই সহোদর। পিতার অবর্তমানে তারা বিপথগামী হয়। বুহিন অসৎ বন্ধুদের সাথে মিশে পথিকের সর্বস্ব ছিনিয়ে নেয়ার কাজে লিপ্ত। অন্যদিকে তুহিন লজ্জাশীলতাকে হারিয়ে পথভ্রষ্ট হয়।

ক. 'অশ্লীলতা' শব্দের অর্থ কী? ১

খ. আখলাকে যামিমাহ বলতে কী বোঝ? ২

গ. বুহিনের কাজটি কী হিসাবে গণ্য হবে? ব্যাখ্যা কর। ৩

ঘ. তুহিনের কাজের পরিণতি ইসলামি শরিয়তের আলোকে বিশ্লেষণ কর। ৪

৮। ইসরাত একজন নবির কাহিনী পড়ছিল। উক্ত নবি ছিলেন একজন বাদশাহ। তিনি পশুপাখি, জীবজন্তু ও জীন-ইনসানের ভাষা বুঝতেন। তাঁর বিচার শক্তি ছিল খুব প্রখর। আল্লাহ বাতাসকে তাঁর অনুগত করে দিয়েছিলেন।

ক. দাউদ (আ)-এর পুত্রের নাম কী? ১

খ. হুদহুদ পাখিকে সোলায়মান (আ)-এর গোয়েন্দা বলা হতো কেন? ২

গ. ইসরাত কোন নবির কাহিনী পড়ছিল? তার থেকে কীভাবে আমরা শাসনকার্য ও বিচার কার্য পরিচালনা শিখতে পারি? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে ইঙ্গিত দেওয়া নবির অলৌকিক কাহিনীসমূহ বিশ্লেষণ কর। ৪

৯। হান্নার শরীর খুব অসুস্থ। কিন্তু হান্না বিচলিত না হয়ে আল্লাহর শুকরিয়া আদায় করেন। তিনি আল্লাহর ইচ্ছার প্রতি অসন্তুষ্ট নহেন। এমনিভাবে হান্না আল্লাহর ওপর ভরসার কারণে কারও মুখাপেক্ষী হন না। এ কারণে জীবনে তাকে অনেক দুঃখ-কষ্ট সইতে হয়েছে।

ক. ৯৯ হিজরিতে কে জন্মগ্রহণ করেন? ১

খ. আল্লাহর ওলি বলতে কী বোঝ? ২

গ. হান্নার আচরণে কোন মহীয়সী নারীর সাথে সাদৃশ্যপূর্ণ? তাঁর অনাড়ম্বর জীবন থেকে নারীজাতি কী শিক্ষা গ্রহণ করতে পারে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে ইঙ্গিতকৃত মহিয়সী নারীর আধ্যাত্মিকতা বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

# জুনিয়র স্কুল সার্টিফিকেট পরীক্ষা, (সকল বোর্ড) ২০১৬

## ইসলাম ও নৈতিক শিক্ষা

বিষয় কোড : 111

সময়—৪০ মিনিট

### বহুনির্বাচনি অভীক্ষা

মান—৪০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক(✓) চিহ্ন দাও। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. 'জাহান্নাম' কোন ভাষার শব্দ?
ক) বাংলা খ) আরবি গ) উর্দু ঘ) ফারসি

২. আহার নিদ্রার প্রয়োজন নেই কাদের?
ক) জিনদের খ) ইনসানদের
গ) ফেরেশতাদের ঘ) অলিদের

৩. "আমাকে শাফাআত (করার অধিকার) দেওয়া হয়েছে"— বাণীটি কার?
ক) হযরত জিব্রাইল (আ.) খ) হযরত ইউছুফ (আ.)
গ) হযরত আবুবকর (রা.) ঘ) হযরত মুহাম্মদ (স.)

৪. দুটি বস্তুর মধ্যবর্তী পর্যায়কে বলে—
ক) আখিরাত খ) কিয়ামত
গ) বারযাখ ঘ) শাফাআত

৫. ফেরেশতাদের জীবনের উদ্দেশ্য কী?
ক) আল্লাহর নৈকট্য লাভ করা
খ) জান্নাত লাভ করা
গ) আল্লাহর সন্তুষ্টি অর্জন করা
ঘ) আল্লাহর যিকিরে রত থাকা

৬. আবদুর রহমান নিজেকে তার ভাগ্য নিয়ন্ত্রক বলে মনে করে। সে কোন বিষয়টিকে অবিশ্বাস করছে?
ক) আখিরাত খ) পুলসিরাত
গ) তাকদির ঘ) রিসালাত

৭. নিফাক কোন ধরনের পাপ?
ক) সাধারণ পাপ খ) অসাধারণ পাপ
গ) কুফরির ন্যায় পাপ ঘ) জঘন্যতম পাপ

৮. "ফাতহুম মুবিন" দ্বারা ইঙ্গিত করা হয়েছে—
ক) মক্কা বিজয় খ) হুদায়বিয়ার সন্ধি
গ) মদিনার সনদ ঘ) হিজরত

৯. "তোমরা আল্লাহর রঙ্গে রঙিন হও"— একথা দ্বারা বোঝানো হয়েছে—
ক) আল্লাহর গুণগুলো নিজেদের জীবনে বাস্তবায়ন করা
খ) আল্লাহর দ্বীনকে প্রতিষ্ঠিত করা
গ) আল্লাহর তাসবিহ্ করা
ঘ) আল্লাহর রাস্তায় জিহাদ করা

■ নিচের অনুচ্ছেদটির আলোকে ১০ ও ১১নং প্রশ্নের উত্তর দাও :
একজন কর্মকর্তা অফিসে দায়িত্ব পালন করতে গিয়ে কারো কাছ থেকে অবৈধভাবে কিছু গ্রহণ করে না।

১০. উক্ত কর্মকর্তা অফিসে কী এড়িয়ে চলে?
ক) সুদ খ) ঘুষ গ) উপঢৌকন ঘ) উপহার

১১. যাকাত অর্থ কী?
ক) বৃদ্ধি খ) শালিনতা গ) কৃপণতা ঘ) দানশীলতা

১২. 'মাসারিফ' শব্দের অর্থ কী?
ক) ব্যয়ের খাত খ) পরিমাণ
গ) হিসাব ঘ) পবিত্রতা

১৩. জীবনে কয়বার হজ করা ফরজ?
ক) এক খ) দুই গ) তিন ঘ) পাঁচ

১৪. হজের সময়ে সকলে একই ধরনের সাদা পোশাক পরিধান করে। এটি মুসলমানদের মধ্যে কী জাগ্রত করে?
ক) উদারতা খ) মহানুভবতা
গ) ন্যায়পরায়ণতা ঘ) ভ্রাতৃত্বের অনুভূতি

১৫. হজ হলো একটি—
ক) আর্থিক ও শারীরিক ইবাদত
খ) শারীরিক ও মানসিক ইবাদত
গ) আর্থিক ও সামাজিক ইবাদত
ঘ) আর্থিক ও পারিবারিক ইবাদত

■ নিচের অনুচ্ছেদটি লক্ষ কর এবং ১৬নং প্রশ্নের উত্তর দাও :
বাবার ইন্তেকালের পর রশিদ তার বোনকে এড়িয়ে চলে।

১৬. রশিদ মূলত উপেক্ষা করছে—
ক) সামাজিক অধিকার খ) নারীর অধিকার
গ) নাগরিক অধিকার ঘ) অর্থনৈতিক অধিকার

১৭. কুরবানির ছাগলের বয়স কমপক্ষে কত হতে হবে?
ক) ১ বছর খ) ২ বছর
গ) ৩ বছর ঘ) ৪ বছর

১৮. মেয়েদের পক্ষে আকিকার জন্য কয়টি পশু যবেহ করতে হয়?
ক) একটি খ) দুটি গ) তিনটি ঘ) চারটি

১৯. সন্তান জন্মের সপ্তম দিনে উত্তম কাজ হলো—
ক) আনন্দ অনুষ্ঠান করা খ) মিলাদ পড়ানো
গ) আকিকা করা ঘ) দান-খয়রাত করা

২০. 'যার আমানতদারি নেই তার ইমানও নেই'— হাদিসটি কোন গ্রন্থে আছে?
ক) বুখারী খ) মুসলিম
গ) মুসনাদে আহমদ ঘ) তিরমিজি

২১. ইদগামের হরফ কয়টি?
ক) ৪টি খ) ৬টি গ) ৮টি ঘ) ১০টি

২২. সূরা ক্বদর-এর আয়াত সংখ্যা কত?
ক) ৫টি খ) ৬টি গ) ৭টি ঘ) ৮টি

http://teachingbd.com

২৩. ঝাঁকে ঝাঁকে পাখি প্রেরণের বর্ণনা রয়েছে কোন সূরায়?
ⓚ মাউন ⓛ কাওছার ⓖ ফিল ⓘ বাকারা

২৪. নাযিরা তিলাওয়াত কোনটি?
ⓚ নামাজে তিলাওয়াত করা
ⓛ সুর করে তিলাওয়াত করা
ⓖ দেখে দেখে তিলাওয়াত করা
ⓘ মুখস্থ তিলাওয়াত করা

২৫. আমরা হাদিসের শিক্ষা অনুসরণ করি কেন?
ⓚ বংশ মর্যাদার জন্য ⓛ জনপ্রিয়তার জন্য
ⓖ জ্ঞানী হওয়ার জন্য ⓘ নৈতিকতার জন্য

২৬. "তারা (স্ত্রীরা) তোমাদের ভূষণ আর তোমরা (স্বামীরা) তাদের ভূষণ" দ্বারা বোঝায়—
ⓚ স্ত্রীর অধিকার ⓛ স্বামীর অধিকার
ⓖ স্বামী-স্ত্রীর অধিকার ⓘ নারীর অধিকার

২৭. রাসূল (স.)-এর চরিত্র হলো—
ⓚ আল হাদিস ⓛ আল কুরআন
ⓖ ইজমা ⓘ কিয়াস

২৮. সমগ্র সৃষ্টি জগৎকে মহানবি (স.) কী বলেছেন?
ⓚ আল্লাহর সমাজ ⓛ আল্লাহর রাষ্ট্র
ⓖ আল্লাহর পরিবার ⓘ আল্লাহর সত্তা

■ নিচের অনুচ্ছেদটির আলোকে ২৯ ও ৩০নং প্রশ্নের উত্তর দাও :
মজনু প্রায়ই অশ্লীল গল্প-গুজব করে এবং কটুকথা দ্বারা সহপাঠীদের মনে কষ্ট দেয়।

২৯. মনজুর মধ্যে ঘাটতি রয়েছে—
ⓚ প্রকৃত মুসলমানের ⓛ পূর্ণাঙ্গ শিক্ষার
ⓖ পারিবারিক শিক্ষার ⓘ সামাজিক শিক্ষার

৩০. মনজু এড়িয়ে চলে—
ⓚ পারিবারিক শিক্ষা
ⓛ সামাজিক শিক্ষা
ⓖ নৈতিকতামূলক হাদিস শিক্ষা
ⓘ নীতিমূলক বিদ্যা শিক্ষা

৩১. কিয়ামতের দিন মুমিনের পরিমাপ দণ্ডে সবচেয়ে ভারী হবে কোনটি?
ⓚ অধিক দান খয়রাত ⓛ তাহাজ্জুদ নামাজ
ⓖ উত্তম চরিত্র ⓘ কুরআন তিলাওয়াত

■ নিচের অনুচ্ছেদটির আলোকে ৩২ ও ৩৩নং প্রশ্নের উত্তর দাও :
"হালিমার বাড়ি বাংলাদেশে আর হাফছার বাড়ি আফ্রিকায়। তাদের মাঝে খুব সুন্দর সম্পর্ক। উভয়ে মুসলিম।"

৩২. উভয়ে মুসলিম হওয়ার কারণে হালিমা ও হাফছার মাঝে কী তৈরি হয়েছে?
ⓚ বন্ধুত্ব ⓛ হৃদ্যতা
ⓖ ভ্রাতৃত্ব ⓘ যোগাযোগ

৩৩. উভয়ে মুসলিম হিসেবে—
ⓚ এক অপরের সাথে অভিমান করবে
ⓛ তাদের সম্পর্ক একটি ইমারতের মতো হবে
ⓖ তাদের সম্পর্ক একটি বৃক্ষের মতো হবে
ⓘ তাদের সম্পর্ক একটি বাড়ির মতো হবে

■ নিচের অনুচ্ছেদটির আলোকে ৩৪ ও ৩৫নং প্রশ্নের উত্তর দাও :
নোমান সাহেব তার ম্যানেজারের সাথে চরম বেয়াদবি করে। পরে সে ক্ষমা চাইলে ম্যানেজার তাকে ক্ষমা করে দেন।

৩৪. ম্যানেজারের আচরণে আল্লাহর কোন গুণের বহিঃপ্রকাশ ঘটেছে?
ⓚ গাফফারুন ⓛ সাবরুন
ⓖ রাউফুন ⓘ মুহাইমিনুন

৩৫. ক্ষমা চাওয়ার মাধ্যমে জনাব নোমানের চরিত্রে ফুটে উঠেছে—
ⓚ উদারতা ⓛ মহানুভবতা
ⓖ অনুতপ্ততা ⓘ দায়িত্বশীলতা

■ নিচের অনুচ্ছেদটির আলোকে ৩৬ ও ৩৭নং প্রশ্নের উত্তর দাও :
"আফিয়ার চরিত্র নিয়ে কিছু বখাটে লোক সমাজে দুর্নাম রটায়। পরে প্রমাণিত হয় আফিয়ার চরিত্রে কোন প্রকার খারপ বৈশিষ্ট্য নেই।

৩৬. কোন মহিয়সী নারীর ঘটনার সাথে আফিয়ার ঘটনার মিল আছে?
ⓚ আছিয়া (রা.)-এর ⓛ আমিনা (রা.)-এর
ⓖ আছমা (রা.)-এর ⓘ আয়শা (রা.)-এর

৩৭. আফিয়ার ঘটনার সাথে সামঞ্জস্যপূর্ণ ঐতিহাসিক ঘটনাটির প্রভাব পড়েছিল—
ⓚ মহানবি (সা.)-এর জীবনে
ⓛ আছমা (রা.)-এর জীবনে
ⓖ উমর (রা.)-এর জীবনে
ⓘ উছমান (রা.)-এর জীবনে

৩৮. উমর ইবনে আব্দুল আজিজ (র.)-এর মাতার নাম কী?
ⓚ উম্মু আসিম লায়লা ⓛ উম্মু আসিম শায়লা
ⓖ উম্মু শায়লা ⓘ উম্মু লায়লা

৩৯. 'ইখফা' বলতে বোঝায়—
ⓚ স্পষ্ট করে পড়া ⓛ পরিবর্তন করে পড়া
ⓖ গোপন করে পড়া ⓘ গুনাহ করে পড়া

৪০. 'কালিমুল্লাহ' উপাধি কার ছিল?
ⓚ ঈসা (আ.) ⓛ মুসা (আ.)
ⓖ ইব্রাহিম (আ.) ⓘ ইসমাইল (আ.)

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | গ | ৩ | ঘ | ৪ | গ | ৫ | ঘ | ৬ | গ | ৭ | ঘ | ৮ | খ | ৯ | ক | ১০ | খ | ১১ | ক | ১২ | ক | ১৩ | ক | ১৪ | ঘ | ১৫ | ক | ১৬ | খ | ১৭ | ক | ১৮ | ক | ১৯ | গ | ২০ | গ |
| ২১ | খ | ২২ | ক | ২৩ | গ | ২৪ | গ | ২৫ | ঘ | ২৬ | গ | ২৭ | খ | ২৮ | গ | ২৯ | ক | ৩০ | গ | ৩১ | গ | ৩২ | গ | ৩৩ | খ | ৩৪ | ক | ৩৫ | গ | ৩৬ | ঘ | ৩৭ | ক | ৩৮ | ক | ৩৯ | গ | ৪০ | খ |

Teachingbd.com

http://teachingbd.com